# সুইজারল্যান্ডকে ৩-১ গোলে হারিয়ে সেমিফাইনালে আর্জেন্টিনা



ছবি: সংগৃহীত

বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে নাটকীয় লড়াই শেষে সুইজারল্যান্ডকে ৩-১ গোলে হারিয়ে টানা দ্বিতীয়বারের মতো সেমিফাইনালে জায়গা করে নিয়েছে আর্জেন্টিনা। নির্ধারিত সময়ে ১-১ সমতায় থাকা ম্যাচে অতিরিক্ত সময়ে হুলিয়ান আলভারেস ও লাউতারো মার্টিনেজের গোলেই জয় নিশ্চিত করে বর্তমান বিশ্বচ্যাম্পিয়নরা।

কানসাস সিটিতে অনুষ্ঠিত ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে আর্জেন্টিনা। বল দখলের লড়াইয়ে সুইজারল্যান্ড কিছুটা এগিয়ে থাকলেও আর্জেন্টিনার সংগঠিত রক্ষণভাগ ভাঙতে পারেনি তারা। বরং ম্যাচের ১০ মিনিটেই এগিয়ে যায় লিওনেল স্কালোনির দল। কর্নার থেকে লিওনেল মেসির বাড়ানো বলে দুর্দান্ত হেডে জাল খুঁজে নেন অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টার। প্রথমার্ধে এটিই ছিল একমাত্র গোল।

বিরতির পর পাল্টে যায় ম্যাচের চিত্র। আক্রমণের ধার বাড়ায় সুইজারল্যান্ড এবং ৬৭ মিনিটে সমতায় ফেরে তারা। রদ্রিগেজের সঙ্গে দারুণ বোঝাপড়ার পর বক্সে ঢুকে নিখুঁত শটে এমিলিয়ানো মার্টিনেজকে পরাস্ত করেন ডান এনদোয়ে। তার গোলে ম্যাচে ফিরে আসে সুইসরা।

তবে সমতায় ফেরার আনন্দ বেশিক্ষণ স্থায়ী হয়নি। ৭২ মিনিটে ব্রিল এমবোলোর একটি ঘটনায় প্রথমে লিয়ান্দ্রো পারেদেসের বিরুদ্ধে ফাউলের সিদ্ধান্ত দেন রেফারি। পরে ভিএআরের সহায়তায় সিদ্ধান্ত পরিবর্তন করে এমবোলোকেই দ্বিতীয় হলুদ কার্ড দেখানো হয়। ফলে লাল কার্ড দেখে মাঠ ছাড়তে হয় সুইস এই ফরোয়ার্ডকে। সিদ্ধান্তে হতাশ হয়ে মাঠ ছাড়ার সময় আবেগাপ্লুত হয়ে পড়েন তিনি।

একজন বেশি নিয়ে খেললেও নির্ধারিত ৯০ মিনিটে আর গোল আদায় করতে পারেনি আর্জেন্টিনা। ফলে ম্যাচ গড়ায় অতিরিক্ত সময়ে।

শেষ পর্যন্ত ১১২ মিনিটে আসে ম্যাচের মোড় ঘুরিয়ে দেওয়া মুহূর্ত। থমাস লোপেসের পাস ধরে বাম দিক থেকে বক্সে ঢুকে ডান পায়ের দারুণ বাঁকানো শটে বল জালে পাঠান হুলিয়ান আলভারেস। তার দুর্দান্ত গোলে ২-১ ব্যবধানে এগিয়ে যায় আর্জেন্টিনা।

এরপর যোগ করা সময়ে জয় আরও নিশ্চিত করেন লাউতারো মার্টিনেজ। ১২০+১ মিনিটে তার গোলেই ৩-১ ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে আলবিসেলেস্তেরা।

এই জয়ের মাধ্যমে টানা দ্বিতীয়বারের মতো বিশ্বকাপের সেমিফাইনালে জায়গা করে নিল আর্জেন্টিনা। শেষ চারের লড়াইয়ে তাদের প্রতিপক্ষ হবে ১৯৬৬ সালের বিশ্বচ্যাম্পিয়ন ইংল্যান্ড।